



প্রেস রিলিজ

শোকাদ্র্ আগস্ট উপলক্ষে

বরিশাল বিশ্ববিদ্যালয়ে তথ্যচিত্র ও প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ আগস্ট ২০২৩।

মহান স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে মাসব্যাপী বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচির অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটি ২৪ আগস্ট ২০২৩ তারিখ সন্ধ্যায় তথ্যচিত্র ও প্রামাণ্যচিত্র প্রদর্শনীর আয়োজন করে। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন ১ এর নিচ তলায় অনুষ্ঠিত এ প্রদর্শনীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর দুর্লভ ২১টি তথ্যচিত্র এবং 'শেখ মুজিব থেকে বঙ্গবন্ধু ও একটি বাংলাদেশ' শিরোনামে প্রামাণ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিনসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও কেন্দ্রীয় সাংস্কৃতিক কমিটির সদস্যবৃন্দরা উপস্থিত ছিলেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস